BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
"Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজ্ঞপ্তি নংঃ বিজিএ/কাস/২০২২/১৪ তাং ০৫/০২/২০২২ইং

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ একই মিটার নিয়ে তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানের কারখানা অঙ্গনে উৎপাদনের সাথে সংশ্লিষ্ট ব্যবস্থাপনা অফিসের বিদ্যুৎ, গ্যাস ও ওয়াসা ইত্যাদি সেবার বিপরীতে মূসক অব্যাহতি বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের মতামত প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ ম্যানেজমেন্টের ঐকান্তিক প্রচেষ্টায় জাতীয় রাজস্ব বোর্ড পোশাক শিল্প প্রতিষ্ঠানের কারখানায় বা উৎপাদনস্থলে এবং একই প্রাঙ্গনে অবস্থিত প্রতিষ্ঠানের যদি অফিস বা অফিসের নিজস্ব কেন্টিন থাকে এবং উক্ত ক্ষেত্রে বিদ্যুৎ, ওয়াসা ও প্রাকৃতিক গ্যাস ইত্যাদি বিতরন সেবার বিপরীতে একটি মিটার ব্যবহার করা হয়, তবে সাধারন আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখঃ ২৬/০৯/২০১৯ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে মূসক অব্যাহতি সুবিধা প্রদানের বিষয়ে সম্মতি দিয়েছে।

এতদবিষয়ে, কমিশনার কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রেরিত আদেশটি (নথি নং-০৮.০১.০০০০.০৬৮.২০.০০১.১২/৩৩(২), তারিখঃ ২৭/১/২০২২) এতদ্সাথে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে দুই পাতা।

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

Scanned with CamScanner

BGMEA
Sl. No. 1295
Sig.
Date 02 FEB 2022

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা
ঢাকা।

[ মূসক আইন ও বিধি শাখা ]

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.২০.০০১.১৯/ ৬৬(২)

তারিখঃ ১৩ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ।
২৭ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ শতভাগ সরাসরি রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে প্রাকৃতিক গ্যাস, ওয়াসা ও বিদ্যুৎ বিতরণ সেবার উপর আরোপনীয় মূসক অব্যাহতি বিষয়ে মতামত প্রদান।

সূত্রঃ (১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর পত্র নং-৪র্থ/এ(২২)১৩৬২/মূসক-অব্যাহতি/বিবিধ/ সংস্থা/২০২০/ ৭৪৬৪, তারিখ: ১৯/১১/২০২১ খ্রিঃ;
(২) বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন এর স্মারক নং-৫৭০.২১৬২, তারিখঃ২৮/১২/২০২১ খ্রিঃ;
(৩) বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোর্ট এসোসিয়েশন এর স্মারক নং-বিজিএমইএ/চট্ট/ অর্থবিল/২০২১/১৪১২, তারিখ: ২৬/১২/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হল। সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে শতভাগ সরাসরি রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে প্রাকৃতিক গ্যাস, ওয়াসা ও বিদ্যুৎ বিতরণ সেবার উপর আরোপনীয় মূসক অব্যাহতি বিষয়ে নির্দেশনা কামনা করা হয়েছে।

০২। বিষয়টি পর্যালোচনা করে দেখা যায় যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত এস,আর,ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখঃ১৩/০৬/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে শতভাগ সরাসরি রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানগুলোকে প্রাকৃতিক গ্যাস, ওয়াসা ও বিদ্যুৎ বিতরণ সেবার উপর আরোপনীয় মূসক অব্যাহতি প্রদান করা হয়েছে এবং সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখঃ২৬/০৯/২০১৯ এর মাধ্যমে উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত মূসক অব্যাহতি সুবিধা গ্রহণের পদ্ধতি নির্ধারণ করা হয়েছে। উক্ত সাধারণ আদেশ এর অনুচ্ছেদ-১ এর দফা (ক) এ উল্লেখ করা হয়েছে-

* "প্রতিষ্ঠানটির কারখানা বা উৎপাদনস্থলে রপ্তানিকার্যে ব্যবহৃত মিটার নম্বরসহ সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারের নিকট আবেদন করিতে হইবে।"

উক্ত আদেশের অনুচ্ছেদ-১ এর দফা (ঙ) এ উল্লেখ করা হয়েছে-

*"কোন ক্ষেত্রেই রপ্তানীকারক প্রতিষ্ঠানের কারখানা বা উৎপাদনস্থল ভিন্ন অন্য কোন অফিসে ব্যবহৃত সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হইবে না।"

০৩। বিশ্লেষণে দেখা যায় যে, উল্লিখিত দফাসমূহে "কারখানা বা উৎপাদনস্থল" ভিন্ন অন্য কোন অফিসের জন্য এ সুবিধা প্রযোজ্য হবে না মর্মে উল্লেখ রয়েছে অর্থাৎ এ ক্ষেত্রে "স্থল" শব্দটি প্রণিধানযোগ্য। কারখানা বা উৎপাদনস্থলে অর্থাৎ একই প্রাঙ্গণে (Premises) অফিস, ক্যান্টিন, শৌচাগার ইত্যাদি অবস্থিত থাকে। একই প্রাঙ্গণে (Premises) অবস্থিত অফিস, নিজস্ব ক্যান্টিন, শৌচাগার ইত্যাদির জন্য ভিন্ন ভিন্ন মিটার স্থাপন যৌক্তিক নয়।

০৪। বর্ণিতাবস্থায়, যদি শতভাগ সরাসরি রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানগুলোর কারখানায় বা উৎপাদনস্থলে অর্থাৎ একই প্রাঙ্গণে (Premises) উক্ত প্রতিষ্ঠানের অফিস বা অফিসের নিজস্ব ক্যান্টিন অবস্থিত থাকে এবং উক্ত ক্ষেত্রে প্রাকৃতিক গ্যাস, ওয়াসা ও বিদ্যুৎ বিতরণ সেবার বিপরীতে একটি মিটার ব্যবহার করা হয়, তাহলে সাধারণ আদেশ নং-১০/মূসক/২০১৯, তারিখঃ২৬/০৯/২০১৯ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে মূসক অব্যাহতি সুবিধা প্রদান করা যাবে। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

27/09/22

[ কাজী রেজাউল হাসান ]
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

প্রাপকঃ

কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
চট্টগ্রাম।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোর্ট এসোসিয়েশন, বিজিএমইএ ভবন (লেভেল- ৪ ও ৫), দক্ষিণ খুলসি, চট্টগ্রাম।

০২। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্‌ এসোসিয়েশন, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮পান্থপথ,কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Scanned with CamScanner